

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য বিষয়াবলী রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইবন আলী ইবন ওয়াহফ আল-কাহত্বানী

৪৭. সন্তান লাভকারীকে অভিনন্দন ও তার জবাব

145 - «بَارَكَ اللَّهُ لَكَ فِي الْمَوْهُوبِ لَكَ، وَشَكَرْتَ الْوَاهِبَ، وَبَلَغَ أَشُدَّهُ، وَرُزِقْتَ بِرَّهُ».

(বা-রাকাল্লা-হু লাকা ফিল মাউহুবি লাক, ওয়া শাকারতাল ওয়া-হিবা, ওয়া বালাগা আশুদ্দাহু, ওয়া রুযিক্তা বিররাহু)।

১৪৫- "আল্লাহ আপনাকে যা দিয়েছেন তাতে আপনার জন্য বরকত দান করুন, সন্তান দানকারীর শুকরিয়া আদায় করুন, সন্তানটি পরিপূর্ণ বয়সে পদার্পণ করুক এবং তার সদ্যবহার প্রাপ্ত হোন।"[1]

অভিনন্দনের জবাবে বলবে

«بَارَكَ اللَّهُ لَكَ وَبَارَكَ عَلَيْكَ، وَجَزَاكَ اللَّهُ خَيْراً، وَرَزَقَكَ اللَّهُ مِثْلَهُ، وَأَجْزَلَ ثَوَابَكَ».

(বা-রাকাল্লা-হু লাকা ওয়া বা-রাকা 'আলাইকা, ওয়া জাযা-কাল্লা-হু খাইরান, ওয়া রাযাকাকাল্লা-হু মিসলাহু ওয়া আজ্যালা সাওয়া-বাকা)।

"আল্লাহ আপনাকে বরকত দান করুন, আর আপনার উপর বরকত নাযিল করুন। আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দিন, আর আপনাকেও অনুরূপ দান করুন এবং আপনার সওয়াব বহুগুণ বৃদ্ধি করুন।"[2]

ফুটনোট

- [1] এটি হাসান বসরী রাহিমাহুল্লাহর বাণী হিসেবে উল্লেখিত হয়েছে। দেখুন, তুহফাতুল মাওদূদ লি ইবনিল কাইয়্যেম, পৃ. ২০; তিনি একে ইবনুল মুন্যির এর আল-আওসাত্ব গ্রন্থের দিকে সম্পর্কযুক্ত করেছেন।
- [2] এটি ইমাম নাওয়াবী তার আল-আযকার গ্রন্থে পৃ. ৩৪৯ উল্লেখ করেছেন। আরও দেখুন, সহীহুল আযকার লিন নাওয়াবী, সলীম আল-হিলালী, ২/৭১৩। আর এর বিস্তারিত তাখরীজ দেখার জন্য গ্রন্থকারের 'আয-যিকর ওয়াদ দো'আ ওয়াল 'ইলাজ বির রুকা' গ্রন্থটি দেখুন, পৃ. ১/৪১৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=964

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন